



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই ২০২৩-সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মোস্তফা কামাল মহাপরিচালক
সভার তারিখ	২৬/০৭/২০২৩
সভার সময়	দুপুর ১২:০০ ঘটিকায়
স্থান	আইসিটি অধিদপ্তরে সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্য সূচী উপস্থাপনের জন্য এ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট কে অনুরোধ করেন। তিনি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিতকরণের ক্ষেত্রে আইসিটি অধিদপ্তরের গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি আরো জানান, সরকারি কর্মকান্ডে নৈতিকতা নিশ্চিতকল্পে অংশীজনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তৃণমূল পর্যায়ে তথ্য প্রযুক্তির সুবিধা পৌছানোর ফলে জনগণের জীবনমানে উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে। সভায় নৈতিকতা বিষয়ে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে সকাল ৯:০০ ঘটিকায় অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল কর্মকর্তা/ কর্মচারী অফিসের পরিবহনে নির্দিষ্ট সময়ের মধ্যে অফিসে উপস্থিত এবং নিয়মিত অফিস হাজিরা খাতা মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়।	১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে সকাল ৯:০০ ঘটিকায় অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।	সকল শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২। ওয়েবসাইটে সকল তথ্য আপডেট করা হচ্ছে এবং প্রয়োজনীয় তথ্য ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়।	২। ওয়েবসাইটে সকল তথ্য আপডেট রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে তথ্য গোপনীয়তা ও সুরক্ষা বিধিমালা বিষয়ে সভা ও প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়।	৩। সকল কর্মকর্তা / কর্মচারী নিয়ে নিয়মিতভাবে সরকারী কর্মকর্তার অত্যাবশ্যকীয় তথ্য গোপনীয়তা ও সুরক্ষা বিধিমালা সম্পর্কিত সভা আয়োজন করতে হবে	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৪। অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের সকল প্রকার অনৈতিক/প্রতারণামূলক কর্মকান্ড হতে বিরত থাকার বিষয়ে আলোচনা করা হয়।	৪। সকল কর্মকর্তা/কর্মচারীদের সকল প্রকার অনৈতিক/প্রতারণামূলক কর্মকান্ড হতে বিরত থাকতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৫। সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে আনঅফিসিয়াল যোগাযোগ মাধ্যমে (Email, Messenger, WhatsApp, Facebook ইত্যাদি) যোগাযোগের ক্ষেত্রে যথাযথভাবে সস্বোধনকরত: অফিসিয়াল শিষ্টাচার মেনে চলার নির্দেশনা জানিয়ে পত্র দেয়ার বিষয়ে আলোচনা করা হয়।	৫। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে চেইন অব কমান্ড মেনে চলতে হবে এবং অত্র অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে আনঅফিসিয়াল যোগাযোগ মাধ্যমে (Email, Messenger, WhatsApp, Facebook ইত্যাদি) যোগাযোগের ক্ষেত্রে যথাযথভাবে সস্বোধনকরত: অফিসিয়াল শিষ্টাচার মেনে চলতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১০-০৯-২০২৩

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক

+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)

+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)

dg@doict.gov.bd

২৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০৫৫.১৭.২১৫৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ এবং
- ২। অফিস কপি।।




১০-০৯-২০২৩

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক